



রাজশাহী বিশ্ববিদ্যালয়
১ম বর্ষ বি.এস-সি./বি.ফার্ম.(সম্মান)/বি.এস-সি.এ-জি./ডি.ভি.এম./বি.এস-সি. ইঞ্জিনিয়ারিং ভর্তি পরীক্ষা, ২০১৯-২০২০
ইউনিট-C (গ্রুপ 1, 2 ও Non-Science)

পোষ্য কোটায় ভর্তির জন্য সাক্ষাৎকার সংক্রান্ত বিজ্ঞপ্তি

বিজ্ঞান, জীব ও ভূ-বিজ্ঞান, কৃষি ও প্রকৌশল অনুষদ-এর ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের ১ম বর্ষ বি.এস-সি./বি.ফার্ম.(সম্মান)/বি.এস-সি.এ-জি./ডি.ভি.এম./বি.এস-সি. ইঞ্জিনিয়ারিং ভর্তি পরীক্ষায় পোষ্য কোটায় যে সকল পরীক্ষার্থী ভর্তি পরীক্ষায় নূন্যতম ৩০ নম্বর পেয়েছে তাদের সাক্ষাৎকার আগামী ৩০ ডিসেম্বর, ২০১৯ সোমবার সকাল ১০টায় প্রকৌশল অনুষদ কার্যালয়ে অনুষ্ঠিত হবে। ওয়েবসাইটে প্রদত্ত ফরমে অভিভাবকের বিশ্ববিদ্যালয়ে কর্মরত থাকার প্রত্যয়নপত্র, এইচ এস সি পরীক্ষার মূল রেজিস্ট্রেশন কার্ড ও ভর্তি পরীক্ষার প্রবেশপত্রসহ আত্রহী ভর্তিচ্ছুদের উপস্থিত হওয়ার জন্য আহবান করা হচ্ছে।

সাক্ষাৎকারে অনুপস্থিত থাকলে সি-ইউনিটে পোষ্য কোটায় সেই ভর্তিচ্ছুর ভর্তির আর কোন সুযোগ থাকবে না।

সি-ইউনিটে পোষ্য কোটায় নূন্যতম ৩০ নম্বরপ্রাপ্ত ভর্তিচ্ছুর অদ্য ২৬-১২-২০১৯ থেকে ২৯-১২-২০১৯ এর মধ্যে অনলাইনে ভর্তির বিভাগ পছন্দক্রম ফরম পূরণ করতে হবে। কোন ভর্তিচ্ছু নির্ধারিত সময়ের মধ্যে বিভাগ পছন্দক্রম ফরম পূরণ করতে না পারলে সি-ইউনিটে তার প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে এবং সি-ইউনিটের কোন বিভাগে ভর্তির আর কোন সুযোগ থাকবে না।

পছন্দক্রম ফরম পূরণ করার সময় কোন ভর্তিচ্ছু কোন বিভাগে ভর্তি হতে আদৌ আত্রহী না হলে সেটি পছন্দক্রম থেকে বাদ রাখতে পারবে। তবে পছন্দক্রম প্রদানের পর তা অনুযায়ী কোন বিভাগে ভর্তির জন্য নির্বাচিত হলে সেই বিভাগে অবশ্যই ভর্তি হতে হবে, নতুবা সি-ইউনিটে তার প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে এবং পরবর্তীতে সি-ইউনিটের কোন বিভাগে ভর্তির আর কোন সুযোগ থাকবে না। সি-ইউনিটে পোষ্য কোটার ভর্তি প্রক্রিয়া সংক্রান্ত বিজ্ঞপ্তি ৩০-১২-২০১৯ তারিখ অপরাহ্নে ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

২৬ ডিসেম্বর, ২০১৯

(প্রফেসর ড. মো. একরামুল হামিদ)
চীফ কো-অর্ডিনেটর
১ম বর্ষ ২০১৯-২০২০ শিক্ষাবর্ষ সি-ইউনিট ভর্তি পরীক্ষা কমিটি
ও
ডীন, প্রকৌশল অনুষদ
রাজশাহী বিশ্ববিদ্যালয়